দৈনিক ইত্তেফাক

তারিখ ... 02 OCT 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

২

# ক্যাম্পাস পরিস্থিতিতে উদ্বেগ

ক্যাম্পাস পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করিয়া ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান, জি, এস, খায়রুল কবীর খোকন গতকাল এক বিবৃতি প্রদান করিয়াছেন। বিবৃতিতে

(২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাস পরিস্থিতিতে

(১ম পৃঃ পর)

বলা হয়, ছাত্রলীগ (আ-অ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস শুরু করিয়াছে। গাড়ি ভাঙ্গচুর, গাড়ীতে অগ্নিসংযোগ, উপাচার্যের বাসায় হামলাসহ জনগণের যানমালের নিরাপত্তার পরিপন্থী নানাবিধ কার্যকলাপ অব্যাহত রাখিয়াছে। যাহার পিছনে রাজনৈতিক কোন ইস্যু নাই। বিবৃতিতে সন্ত্রাসের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান হয়।

৮টি ছাত্র সংগঠনের নবগঠিত জোট গণতান্ত্রিক ছাত্র ঐক্য গতকাল এক বিবৃতিতে বলিয়াছে, বিশ্ববিদ্যালয়ের ক্লাস চলাকালীন সময়ে একটি ছাত্র সংগঠনের সশস্ত্র একদল যুবক টি, এস সি এলাকায় গাড়ি ভাঙচুর ও গাড়িতে অগ্নি সংযোগ এবং কয়েক রাউণ্ড গুলী বর্ষণ করে। বিবৃতিতে সংশ্লিষ্ট এই ছাত্র সংগঠনকে সন্ত্রাসী কার্যকলাপ হইতে বিরত থাকার আহ্বান জানান হয়।

ক্যাম্পাসে সন্ত্রাসের প্রতিবাদে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা গতকাল ক্যাম্পাসে মিছিল শেষে সমাবেশের আয়োজন করে।